amfori BSCI আচরণ সংহিতা

amfori BSCI-এ অংশগ্রহণকারীরা নিজেদের সরবরাহ শৃঙ্খলে যেসব মূল্যবোধ এবং নীতি কার্যত প্রয়োগের প্রয়াস করে সেসব স্থির করা বর্তমান **amfori BSCI আচরণ সংহিতা সংস্করণ** ১/২০১৪ এর উদ্দেশ্য। ২৮ নভেম্বর ২০১৩ এ ফরেন ট্রেড অ্যাসোসিয়েশন (১/১/২০১৮ থেকে **amfori**) এটি অনুমোদন করেছে এবং এটি amfori BSCI আচরণ সংহিতা সংস্করণ ২০০৯-এর সবকটি অনুবাদ বাতিল করবে। বর্তমান amfori BSCI আচরণ সংহিতায় মূলত তিনটি তথ্য বিভাগ আছে: ক) ভূমিকা, ব্যাখ্যা, আমাদের মূল্যবোধ এবং কার্যত প্রয়োগ, যা সবকটি ব্যবসা প্রতিষ্ঠানে প্রযোজ্য হবে; খ) নীতি, যা বিশেষত amfori BSCI অংশগ্রহণকারীদের ব্যবসা সহযোগীদের উদ্দেশ্যে তৈরী করা হয়েছে এবং গ) amfori BSCI-এর কার্যত প্রয়োগের শর্ত, amfori BSCI সূত্র এবং amfori BSCI টীকাসম্বলিত শব্দকোষ, যা এই সংহিতার অভিন্ন অঙ্গ এবং যাতে amfori BSCI-এর ব্যাখ্যা এবং কার্যত প্রয়োগের বিষয়ে আরো বিস্তারিত তথ্য আছে।

১ জানুয়ারী ২০১৪ থেকে এই amfori BSCI আচরণ সংহিতা সংস্করণ ১/২০১৪ বলবৎ হয়েছে। এই দলিলের ইংরেজি সংস্করণটি আইনত বাধ্যতামূলক গণ্য হবে।

I. ভূমিকা

II. মানুষের সমৃদ্ধি এবং আর্থ সামাজিক বিকাশের জন্য আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্য এক অপরিহার্য মাধ্যম, এ কথার স্বীকৃতিস্বরূপ ফরেন ট্রেড অ্যাসোসিয়েশন amfori BSCI-এর প্রবর্তন করেছিল।

এই আচরণ সংহিতা (**amfori BSCI আচরণ সংহিতা**) কয়েকটি নীতি ও মূল্যবোধের সমষ্টি, যা amfori BSCI অংশগ্রহণকারীদের বিশ্বাস এবং তাদের ব্যবসায় অংশীদারদের কাছ থেকে তাদের প্রত্যাশাগুলি প্রতিফলিত করে।

এই amfori BSCI আচরণ সংহিতা মানবাধিকারের সার্বজনীন ঘোষণাপত্র, শিশু অধিকার এবং ব্যবসা নীতি, ব্যবসা এবং মানবাধিকারের বিষয়ে জাতিসংঘের পথপ্রদর্শক নীতি, ওইসিডি নির্দেশিকা, জাতিসংঘের গ্লোবাল কমপ্যাক্ট এবং আন্তর্জাতিক শ্রম সংগঠন (আইএলও) রীতির মত আন্তর্জাতিক রীতি নীতি এবং সরবরাহ শৃঙ্খলে কাজের পরিবেশে উন্নয়নের প্রাসঙ্গিক পরামর্শগুলির সাহায্য নিয়েছে।

যেসব ব্যবসা প্রতিষ্ঠান এই amfori BSCI আচরণ সংহিতার সমর্থন করে তারা এই দলিলে বর্ণিত নীতিনিয়ম পালন এবং স্ব স্ব প্রভাবক্ষেত্রে মানবাধিকার মান্য করার দায়িত্বপালনে বদ্ধপরিকর।

© amforiব্রাসেল্সস্থিত amfori-এর স্বত্বাধিকার ২০১৭

amfori BSCI ও এতে অংশগ্রহণকারীরা (**amfori BSCI অংশগ্রহণকারী**) সামাজিক দায়িত্বসম্পন্ন ব্যবসার নীতি সুদৃঢ় করতে ব্যবসা সহযোগী এবং ভাগীদারদের মধ্যে একটি গঠনাত্মক এবং উন্মুক্ত আলোচনা পন্থানুসরণ করে। তাছাড়া, তারা মনে করেন যে দীর্ঘস্থায়ী ব্যবসার জন্য কর্মীদল এবং পরিচালক কর্তৃপক্ষের মধ্যে পূর্ণবিকশিত শিল্প সম্পর্ক গড়ে তোলা একান্ত জরুরী।

III. ব্যাখ্যা

amfori BSCI আচরণ সংহিতায় "ব্যবসা প্রতিষ্ঠান" বলতে amfori BSCI অংশগ্রহণকারী এবং সরবরাহ শৃঙ্খলে তাদের ব্যবসা সহযোগী, বিশেষত উৎপাদক, উভয়ই বোঝায়।

amfori BSCI আচরণ সংহিতার শেষে যে পরিশিষ্টের উল্লেখ করা হয়েছে (কার্যত প্রয়োগের শর্ত, amfori BSCI সূত্র এবং amfori BSCI টীকাসম্বলিত শব্দকোষ এই amfori BSCI আচরণ সংহিতার অভিন্ন অঙ্গ। amfori BSCI আচরণ সংহিতা পড়ে ও বুঝে নেওয়ার সময় এইগুলি দেখে নিতে হবে।

সরবরাহ শৃঙ্খলে কাজের দায়িত্ব অনুসারে, এবং amfori BSCI-এর পরিধিতে তাদের পর্যবেক্ষণ করা হবে কিনা সেইমত প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠানের পৃথক প্রয়োগের শর্তানুসরণ করতে হবে।

IV. আমাদের মূল্যবোধ

amfori BSCI আচরণ সংহিতা অনুমোদন করে এবং সরবরাহ শৃঙ্খলে তা জানিয়ে দিয়ে, amfori BSCI অংশগ্রহণকারীরা নিম্নোক্ত মূল্যবোধ দ্বারা পরিচালিত:

- **অবিরাম উন্নয়ন:** amfori BSCI অংশগ্রহণকারীরা ক্রমশ বিকাশের পন্থা অবলম্বন করে amfori BSCI আচরণ সংহিতা কার্যত সম্পাদনের দায়িত্বপালন করে। amfori BSCI অংশগ্রহণকারীরা তাদের ব্যবসা সহযোগীদের কাছ থেকে আশা করে যে তারা নিজেদের সংগঠনে কাজের পরিবেশে অবিরাম উন্নয়নসাধন সুনিশ্চিত করবে।
- **সহযোগিতা:** একসঙ্গে কাজ করে এবং সার্বজনীন পন্থা অনুসরণ করে **amfori BSCI** অংশগ্রহণকারীরা স্ব স্ব সরবরাহ শৃঙ্খলে আরো বেশী প্রভাব ফেলতে পারবে এবং কাজের পরিবেশে উন্নয়নের সম্ভাবনা আরো ভালো হবে। সরবরাহ শৃঙ্খলে ব্যবসা সহযোগীদের মধ্যে পরস্পর সম্পর্কে, বিশেষত উন্নতির জন্য যাদের সাহায্য প্রয়োজন তাদের ক্ষেত্রে, সহযোগিতা সমান গুরুত্বপূর্ণ।
  একইভাবে, বিভিন্ন স্তরে ব্যবসা এবং প্রভাবিত ভাগীদারদের মধ্যে সম্পর্কে সহযোগিতার মনোভাব একান্ত জরুরী।
- **অধিকারপ্রদান:** amfori BSCI-এর একটি প্রধান লক্ষ্য হল amfori BSCI অংশগ্রহণকারী ও তাদের ব্যবসা সহযোগীদের বিশেষ করে উৎপাদকদের, অধিকারপ্রদান করা, তাদের পর্যবেক্ষণে রাখা হবে, তাদের সরবরাহ শৃঙ্খল এমনভাবে গড়ে তোলা হবে যা মানবাধিকার ও শ্রমাধিকার মান্য করবে এবং দীর্ঘস্থায়ীভাবে কাজের পরিবেশে উন্নয়নসাধনের জন্য সরবরাহ শৃঙ্খলের ব্যবসা কেন্দ্রগুলিকে প্রয়োজনীয় সাধনী প্রদান করবে। ব্যবসা প্রতিষ্ঠানের সংস্কৃতির মূলে amfori BSCI নীতিগুলি সুপ্রতিষ্ঠিত করায় অভ্যন্তরীণ পরিচালন ব্যবস্থার বিকাশের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে।

V. কার্যত প্রয়োগ

সরবরাহ শৃঙ্খলে সামাজিক আচরণে amfori BSCI অংশগ্রহণকারীদের যে **কাঙ্খিত লক্ষ্য ও ন্যূনতম প্রত্যাশা** আছে তা amfori BSCI আচরণ সংহিতার নীতিগুলিতে বর্ণনা করা হয়েছে।

যদিও কাঙ্খিত লক্ষ্য অপরিবর্তিত থাকবে, তবে সমাজে পরিবর্তনের সাথে amfori BSCI আচরণ সংহিতার ন্যূনতম প্রত্যাশা, যা প্রতিপাদ্য সামাজিক আদর্শরূপে ব্যাখ্যা করা হয়, সেগুলিতে পরিবর্তন হতে পারে।

amfori BSCI আচরণ সংহিতায় যে লক্ষ্যগুলি স্থির করা হয়েছে তা পূরণ করায় amfori BSCI অংশগ্রহণকারীরা যুক্তিসঙ্গত প্রয়াস করায় বদ্ধপরিকর। যদিও amfori BSCI অংশগ্রহণকারীরা সর্বদা তাদের সব ব্যবসা সহযোগীদের দ্বারা পূর্ণ নীতি অনুসরণের প্রতিশ্রুতি দিতে পারে না তবে, বিশেষত যেসব এলাকা বা ক্ষেত্রে amfori BSCI আচরণ সংহিতা অমান্য করার বেশী আশঙ্কা থাকে সেসব ক্ষেত্রে, amfori BSCI আচরণ সংহিতার নীতি অনুসরণে যুক্তিসঙ্গত পদ্ধতি অবলম্বন করায় তারা বদ্ধপরিকর। বলা বাহুল্য, পূর্ণার্থে এই নীতি অনুসরণ প্রণালীর জন্য প্রয়োজন যথেষ্ট সময়, সাহায্য সংস্থান; এবং প্রয়াস এবং অভাব, ত্রুটি, ব্যর্থতা ও অপ্রত্যাশিত ঘটনার সম্ভাবনা সবসময় রয়ে যায়। তা সত্ত্বেও, amfori BSCI অংশগ্রহণকারীরা **তাদের সরবরাহ শৃঙ্খলে** এইসব ব্যর্থতা শীঘ্র সনাক্ত করা, পর্যবেক্ষণে রাখা ও সংশোধন করায় দৃঢ়নিশ্চিত এবং যেসব ভাগীদার সামাজিক নীতি অনুসরণের বিষয় নিয়ে বাস্তবিকই চিন্তিত তাদের গঠনাত্মক যোগদানের ব্যাপারে আগ্রহী।

সংহিতা অনুসরণ

দেশের আইন অনুসরণ করা ব্যবসা প্রতিষ্ঠানের প্রথম দায়িত্ব। যেসব দেশে amfori BSCI আচরণ সংহিতার সঙ্গে দেশী আইন ও নিয়মকানুনের বিবাদ আছে অথবা তার থেকে পৃথক সেক্ষেত্রে ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে এমন কিছু নীতি অনুসরণ করতে হবে যা পরিবেশ ও কর্মীদের সবচেয়ে নিরাপত্তা দেবে।

সরবরাহ শৃঙ্খল পরিচালনা এবং প্রপাতাকার প্রভাব

amfori BSCI অংশগ্রহণকারীরা তাদের ক্রয়প্রক্রিয়ার মাধ্যমে নিজেদের সরবরাহ শৃঙ্খলে সামাজিক পরিবর্তনে প্রভাব ফেলার ক্ষমতা রাখে এবং এ কথা স্বীকার করে। তারা সব ব্যবসা সহযোগীদের সঙ্গে দায়িত্বশীলভাবে সম্পর্ক পালন করে এবং বিনিময়ে অনুরূপ প্রত্যাশা রাখে।

এর জন্য প্রয়োজন সহযোগিতার পন্থা যেখানে প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠান, (ক) স্ব স্ব ব্যবসা সহযোগীদের জড়িত রাখবে; (খ) amfori BSCI আচরণ সংহিতা কার্যত প্রয়োগের জন্য, যেমন প্রয়োজন সেইমত, স্ব স্ব প্রভাব ক্ষেত্রে সবরকম যুক্তিসঙ্গত ও যথোপযুক্ত পদক্ষেপ নেবে এবং (গ) যেসব চ্যালেঞ্জের মীমাংসা করা প্রয়োজন সেগুলি সময়মত সনাক্ত করার জন্য তথ্য আদানপ্রদান করবে।

amfori BSCI অংশগ্রহণকারী এবং তাদের ব্যবসা সহযোগীরা মানবাধিকারে কোনপ্রকার প্রতিকূল প্রভাব, বিশেষত বেশী বিপদাশঙ্কাময় উৎপত্তিস্থল এলাকা বা ক্ষেত্র থেকে পণ্য সংগ্রহ করার সময়, ঐ প্রভাবের মূল কারনগুলি আরো সবিস্তারে জানার প্রয়াস করে। এই দায়িত্ব দৃঢ়ভাবে প্রোথিত করতে ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে যথোপযুক্ত পদক্ষেপ নিতে হবে এবং যুক্তিসঙ্গত পরিমাণে প্রয়োজনীয় পরিচালন ব্যবস্থা, পলিসি এবং প্রণালীর বিকাশ করতে হবে এবং সরবরাহ শৃঙ্খলে মানবাধিকারে কোনরকম প্রতিকূল প্রভাব সনাক্ত করা হলে কার্যকর উপায়ে তা প্রতিরোধ ও সমাধান করতে হবে।

যেসব উৎপাদকদের সতর্ক পর্যবেক্ষণে রাখা হবে তাদের ব্যবসা রীতিতে amfori BSCI আচরণ সংহিতা দৃঢ়ভাবে প্রোথিত করতে বিশেষভাবে অভ্যন্তরীণ পরিচালন ব্যবস্থায় উৎসাহবর্ধন করা হয়।

amfori BSCI আচরণ সংহিতা কার্যত প্রয়োগ করা দুঃসাধ্য হওয়ার কারনবশত ব্যবসায়িক সম্পর্ক বা ব্যবসা সহযোগীর সঙ্গে একক চুক্তির পরিসমাপ্তি করা সর্বশেষ উপায় বলে মনে করা হবে। তবে, যদি কোন ব্যবসা সহযোগী amfori BSCI আচরণ সংহিতায় বর্ণিত নীতির সঙ্গে সুসঙ্গত পদ্ধতিতে কাজ করতে ব্যর্থ হয় এবং/অথবা যদি amfori BSCI আচরণ সংহিতায় বর্ণিত এবং/অথবা ঐ সংহিতার সহজাত দায়দায়িত্ব পালন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ব্যবসা সহযোগী অনিচ্ছুক হয় সেক্ষেত্রে বাধ্য হয়ে সেই ব্যবসায়িক সম্পর্ক বা একক চুক্তির পরিসমাপ্তি করতে হবে।

কর্মীদের পরস্পর সহযোগিতা এবং নিরাপত্তা

ব্যবসা প্রতিষ্ঠানগুলির পরিচালনার উত্তম উপায় স্থির করে নিতে হবে যাতে কর্মস্থলের বিষয়ে কর্মী ও তাদের প্রতিনিধিদের মধ্যে যথেষ্ট তথ্য বিনিময় হয়, এবং amfori BSCI আচরণ সংহিতার প্রত্যাশামত কর্মীদের সুরক্ষিত রাখার জন্য উপযুক্ত পদক্ষেপ নেওয়া যায়। কর্মীদের অধিকার ও দায়িত্ব সম্বন্ধে সজাগ করতে ব্যবসা প্রতিষ্ঠানগুলির নির্দিষ্ট কয়েকটি পদক্ষেপ নিতে হবে।

এছাড়া, ব্যবসায়িক কার্যকলাপে সফলভাবে এই রীতিগুলি প্রোথিত করতে ব্যবসা প্রতিষ্ঠানগুলির কর্মী, ম্যানেজার, কর্মচারী এবং কর্মী প্রতিনিধিদের মধ্যে যথেষ্ট কর্মদক্ষতা গড়ে তুলতে হবে। কাজের প্রতিটি স্তরে, বিশেষত পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে, অবিরাম শিক্ষা ও প্রশিক্ষণ দেওয়া একান্ত জরুরী।

যেসব ব্যক্তি ও সম্প্রদায়ের উপর প্রতিকূল প্রভাব পড়বে তাদের জন্য ব্যবসা প্রতিষ্ঠানগুলির কার্যকর প্রয়োগ-স্তরীয় অভিযোগ পদ্ধতি স্থির করতে হবে বা তাতে অংশ নিতে হবে। বিচার ব্যবস্থা ফলপ্রসূ হলে ও যথেষ্ট সম্বল থাকলেও, এই অভিযোগ পদ্ধতি দ্রুত শুনানি ও মীমাংসা, খরচে সাশ্রয় এবং বিবিধ রাষ্ট্রব্যাপী যোগাযোগের মত বিশেষ কিছু সুবিধা দিতে পারে।

VI. নীতি

amfori BSCI অংশগ্রহণকারীরা আশা রাখে তাদের সব ব্যবসা সহযোগীরা amfori BSCI আচরণ সংহিতা মেনে চলবে। তাছাড়া, নিম্নোক্ত নীতির ভিত্তিতে যেসব ব্যবসা সহযোগীদের পর্যবেক্ষণে রাখা হবে তাদের প্রমাণ দ্বারা দেখাতে হবে যে তারা (ক) নিজেরা amfori BSCI আচরণ সংহিতা অনুসরণ সুনিশ্চিত করার জন্য সবরকম প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে এবং (খ) উৎপাদন প্রণালী(গুলি)তে জড়িত তাদের সবকটি ব্যবসা সহযোগী দ্বারা amfori BSCI আচরণ সংহিতা অনুসরণ সুনিশ্চিত করতে তারা যুক্তিসঙ্গত পদক্ষেপ নিচ্ছে।

সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা এবং যৌথ দর কষাকষির অধিকার

ব্যবসা সহযোগীরা: (ক) কর্মীদের স্বাধীনভাবে ও গণতান্ত্রিক উপায়ে শ্রমসংঘ গড়ে তোলার অধিকার মান্য করবে; (খ) শ্রম সংঘের সদস্যতার কারণে কোন কর্মীর প্রতি বৈষম্যমূলক আচরণ করবে না এবং (গ) কর্মীদের যৌথ দর কষাকষি করার অধিকারটিকে মান্য করে চলবে।

কর্মী প্রতিনিধিদের কর্মস্থলে কর্মীদের সঙ্গে যোগাযোগ করা বা তাদের সঙ্গে কথোপকথনে ব্যবসা সহযোগীরা বাধা দেবে না।

যেসব দেশে শ্রম সংঘের ক্রিয়াকলাপ বেআইনী মনে করা হয় বা যেখানে স্বাধীনভাবে গণতান্ত্রিক শ্রম সংঘের ক্রিয়াকলাপের অনুমতি নেই সেখানে ব্যবসা সহযোগীরা ঐ নীতিকে মান্য করতে কর্মীদের

স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধি নির্বাচন করার অনুমতি দেবে যাতে তাদের সঙ্গে কোম্পানি কর্মস্থলের বিষয়গুলি নিয়ে আলাপ আলোচনা করতে পারে।

অ-বৈষম্য

লিঙ্গ, বয়স, ধর্ম, জাতি, বর্ণ, জন্ম, সামাজিক পটভূমি, অক্ষমতা, জাতিগত ও রাষ্ট্রীয় উৎস, রাষ্ট্রীয়তা, শ্রমসংঘ বা অন্য কোন বৈধ সংগঠনের সদস্যতা, রাজনৈতিক সম্বন্ধ বা মতামত, যৌন প্রবণতা, পারিবারিক দায়িত্ব, বৈবাহিক পরিস্থিতি, রোগ বা এমন অন্য কোন অবস্থা যার ফলে বৈষম্যমূলক ধারণা হতে পারে সেসবের ভিত্তিতে ব্যবসা সহযোগী কোন ব্যক্তির প্রতি বৈষম্য করবে না, বহির্ভূত করবে না বা কোনরকম পক্ষপাতিত্ব রাখবে না। বিশেষ করে, উপরোক্ত কোন কারনবশত কর্মীকে উত্যক্ত করা বা শাস্তি দেওয়া হবে না।

ন্যায্য পারিশ্রমিক

কর্মীর নিজের ও পরিবারের জন্য সন্তোষজনক জীবনযাপনের পক্ষে পর্যাপ্ত ন্যায্য পারিশ্রমিক পাওয়ার অধিকার আইনত প্রাপ্য সামাজিক সুবিধার অধিকার মান্য করলে এবং নিচে বর্ণিত বিশেষ প্রত্যাশা কোনরকম হানি না করলে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলবে।

সরকার দ্বারা নির্ধারিত ন্যূনতম বেতনের আইন অথবা যৌথ দর কষাকষির ভিত্তিতে শিল্পোদ্যোগের অনুমোদিত মানদন্ড, যেটা বেশী সেইমত ব্যবসা সহযোগী ন্যূনতম বেতনের নিয়ম মেনে চলবে।

সময়মত, নিয়মিত এবং আইনত গ্রাহ্য মুদ্রায় পূর্ণ বেতন দিতে হবে। আইএলও-র নির্দেশমত, ভাতা হিসাবে "দ্রব্যরূপে" আংশিক বেতন দেওয়া গ্রহণযোগ্য হবে। বেতনের স্তরে কর্মীদের কর্মদক্ষতা ও শিক্ষাগত যোগ্যতা প্রতিফলিত হবে এবং নিয়মিত কাজের সময়কাল অনুসারে দেওয়া হবে।

কেবল বিশেষ পরিস্থিতিতে এবং আইনত নির্দিষ্ট করা পরিমাণমত বা যৌথ দর কষাকষি দ্বারা স্থির করা শর্তমত বেতন থেকে বাদ দেওয়ার অনুমতি দেওয়া হবে।

যথোচিত কাজের ঘন্টা

এখানে বর্ণিত বিশেষ প্রত্যাশা হানি না করে, ব্যবসা সহযোগী যখন সুনিশ্চিত করবে যে কর্মীদের প্রতি সপ্তাহে নিয়মিত ৪৮ ঘন্টার বেশী কাজ করতে হবে না তখন তারা এই নীতি মেনে চলবে। তবে, amfori BSCI আইএলও দ্বারা নির্দিষ্ট ব্যতিক্রমগুলি স্বীকার করে নিয়েছে।

আইএলও দ্বারা নির্ধারিত আন্তর্জাতিক কাঠামো অনুসারে, প্রযোজ্য রাষ্ট্রীয় আইন, শিল্পোদ্যোগের নির্দিষ্ট মানদন্ড বা যৌথ চুক্তির অর্থ বুঝে নিতে হবে।

আইএলও দ্বারা বর্ণিত ব্যতিক্রমী কেসে উপরোক্ত কাজের সময়সীমা অতিক্রম করা যায়, সেক্ষেত্রে ওভারটাইম অর্থাৎ অতিরিক্ত পারিশ্রমিক দেওয়ার অনুমতি আছে।

কেবলমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে, স্বেচ্ছায় ওভারটাইম ব্যবহার করা যায়, যা নিয়মিত বেতনদরের এক ও এক-চতুর্থাংশ গুণের চেয়ে কম দরে দেওয়া যাবে না এবং পেশাগত বিপদাশঙ্কার চেয়ে বেশী সম্ভাবনা থাকবে না। তাছাড়া, ব্যবসা সহযোগীরা তাদের কর্মীদের প্রতিটি কাজের দিনে বিশ্রামের জন্য বিরতি এবং প্রতি সাত দিনে কমপক্ষে একদিনের ছুটির অধিকার দেবে, এর একমাত্র ব্যতিক্রম হবে যদি যৌথ চুক্তিতে বর্ণিত ব্যতিক্রম প্রযোজ্য হয়।

পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা

এখানে বর্ণিত নির্দিষ্ট প্রত্যাশা হানি না করে, ব্যবসা সহযোগী যদি কর্মী এবং স্থানীয় সম্প্রদায়ের সুস্থ কাজের ও জীবনযাপনের পরিবেশ মান্য করে তাহলে তারা এই নীতি মেনে চলবে। অল্পবয়সী কর্মী, নতুন ও সন্তানসম্ভবা মায়েরা এবং বিকলাঙ্গ ব্যক্তিরা বিশেষ নিরাপত্তা পাবেন তবে এই নিরাপত্তা শুধু তাদের মধ্যে সীমাবদ্ধ থাকবে না।

ব্যবসা সহযোগীরা পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার নিয়ম অথবা যেখানে দেশীয় আইন দূর্বল অথবা কঠোরভাবে বলবৎ না সেক্ষেত্রে আন্তর্জাতিক মান অনুসরণ করবে।

নিরাপদ ও সুস্থ কাজের পরিবেশ সুনিশ্চিত করার জন্য ব্যবস্থার বিকাশ ও সম্পাদন করার জন্য পরিচালক বর্গ ও কর্মীদের, এবং/অথবা তাদের প্রতিনিধিদের মধ্যে সক্রিয় সহযোগিতা একান্ত জরুরী। পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সমিতি গঠন করে এটা করা সম্ভব।

কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তায় বিপদের সম্ভাবনা সন্ধান, মূল্যায়ন, পরিহার ও প্রতিক্রিয়ার জন্য সুব্যবস্থা আছে কিনা তা ব্যবসা সহযোগীরা সুনিশ্চিত করবে। কাজের দরুণ, কাজের সময় বা কাজের সঙ্গে জড়িত কর্মীদের দুর্ঘটনা, আঘাত বা অসুস্থতা প্রতিরোধের জন্য তারা ফলপ্রসূ উপায় অবলম্বন করবে। এইসব উপায় কর্মস্থলে সহজাত বিপদাশঙ্কার কারনগুলি যতটা সমীচীন সেইমত কম করার প্রচেষ্টা করবে।

ব্যবসা সহযোগীরা বাধ্যতামূলক বিমা প্রকল্প সমেত দুর্ঘটনায় কর্মীদের নিরাপত্তায় উন্নয়নসাধনের প্রয়াশ করবে।

নিজেদের প্রভাব ক্ষেত্রের পরিধিমধ্যে ব্যবসা সহযোগীরা সবরকম উপযুক্ত উপায় অবলম্বন করবে যাতে নিয়োগকর্তা কর্মীদের যে বাসস্থান এবং ব্যবহারের জন্য যেসব যন্ত্রপাতি ও বিল্ডিং পরিসর দেয় তা যেন সুস্থিত ও সুরক্ষিত হয় এবং পূর্বানুমান করা যায় এমন সঙ্কটাবস্থা থেকে সুরক্ষিত রাখা যায়। আসন্ন বিপদে কর্মীর অনুমতি না নিয়ে পরিসর থেকে প্রস্থান করার যে অধিকার আছে তা ব্যবসা সহযোগী মান্য করে।

ব্যবসা সহযোগী পর্যাপ্ত পেশাগত চিকিৎসা সহায়তা ও আনুষঙ্গিক সুব্যবস্থা সুনিশ্চিত করে।

ব্যবসা সহযোগী পানীয় জল, নিরাপদ ও পরিচ্ছন্ন আহার করা ও বিশ্রাম করার স্থান এবং পরিচ্ছন্ন ও নিরাপদ রান্না করা ও খাবার মজুত রাখার স্থান পাওয়ার অধিকার সুনিশ্চিত করবে। তাছাড়া, ব্যবসা সহযোগীরা সর্বদা সব কর্মীদের বিনামূল্যে কার্যকর ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম অর্থাৎ পার্সোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট (পিপিই) দেবে।

শিশু শ্রমিক না

আইএলও দ্বারা স্বীকৃত ব্যতিক্রম ছাড়া, আইনে বর্ণিত বাধ্যতামূলক স্কুলশিক্ষার ন্যূনতম বয়সের কমবয়সী শিশুদের, যা ১৫ বছরের কম বয়স না, সরাসরি বা পরোক্ষভাবে কাজে নিযুক্ত না করে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলে।

ব্যবসা সহযোগীদের কর্মনিযুক্তি প্রণালীতে বয়সের সত্যতা প্রতিপাদনের কঠোর পদ্ধতি স্থির করে নিতে হবে, যা কর্মীর প্রতি কোনপ্রকারে অসম্মানজনক বা মর্যাদাহানিকর হবে না। অপ্রাপ্তবয়স্কদের যে কোন প্রকারের উৎপীড়ন থেকে সুরক্ষিত রাখা এই নীতির উদ্দেশ্য। অপ্রাপ্তবয়স্কদের চাকরি থেকে বরখাস্ত করার সময় বিশেষ লক্ষ্য রাখা প্রয়োজন কেননা তাদের আরো বিপজ্জনক কাজে যেমন বেশ্যাবৃত্তি বা ড্রাগ লেনদেনের কাজে নিযুক্ত করা যায়। অপ্রাপ্তবয়স্কদের কর্মস্থল থেকে সরিয়ে দেওয়ার সময়, ঐসব প্রভাবিত অপ্রাপ্তবয়স্কদের নিরাপত্তা সুনিশ্চিত করতে ব্যবসা সহযোগীদের সক্রিয়ভাবে উপায়ের সন্ধান করতে হবে। যেখানে উপযুক্ত সেখানে প্রভাবিত অপ্রাপ্তবয়স্কের পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যকে সন্তোষজনক কাজ দেওয়ার সম্ভাবনা তাদের বিবেচনা করে দেখা উচিত।

অল্পবয়সী কর্মীদের জন্য বিশেষ নিরাপত্তা

অল্পবয়সীদের রাত্রে কাজ না করতে দেওয়া এবং এই নীতিতে বর্ণিত বিশেষ প্রত্যাশার হানি না করে, তাদের স্বাস্থ্য, নিরাপত্তা, নৈতিক মূল্যবোধ ও বিকাশের পক্ষে ক্ষতিকর কাজের পরিবেশ থেকে তাদের সুরক্ষিত রাখা সুনিশ্চিত করে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলে।

অল্পবয়সীদের কাজে নিযুক্ত করা হলে, ব্যবসা সহযোগীদের এই বিষয়গুলি সুনিশ্চিত করা প্রয়োজন যে (ক) ঐ প্রকারের কাজ তাদের স্বাস্থ্য বা বিকাশের জন্য ক্ষতিকর হবে না; (খ) তাদের কাজের ঘন্টার জন্য স্কুলে উপস্থিতিতে, উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত পেশাদার ভর্তিতে তাদের অংশগ্রহণ বা প্রশিক্ষণ বা শিক্ষণমূলক কর্মসূচি দ্বারা লাভবান হওয়ার ক্ষমতায় কোনরকম ক্ষতি হবে না।

অল্পবয়সী কর্মীদের ক্ষতি প্রতিরোধ, সনাক্ত ও হ্রাস করতে ব্যবসা সহযোগী প্রয়োজনীয় পদ্ধতি স্থির করবে, অল্পবয়সী কর্মীদের কার্যকর অভিযোগ পদ্ধতি এবং পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশিক্ষণ প্রকল্প ও কর্মসূচির সুযোগ দেওয়ার ব্যাপারে বিশেষ লক্ষ্য রাখবে।

আশঙ্কাজনক কর্মনিযুক্তি না

এই অধ্যায়ে বর্ণিত বিশেষ প্রত্যাশার হানি না করে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলবে যখন (ক) তারা সুনিশ্চিত করবে যে তাদের কর্মনিযুক্তির সম্পর্ক তাদের কর্মীদের বিপন্ন করছে না এবং সামাজিক বা আর্থিকভাবে অসহায় করে দিচ্ছে না; (খ) রাষ্ট্রীয় আইন, প্রথা বা রীতি এবং আন্তর্জাতিক শ্রমের আদর্শমান, যেটিতে বেশী নিরাপত্তা পাওয়া যায় সেইমত নির্ধারিত একটি স্বীকৃত এবং নথিভুক্ত কর্মনিযুক্তির সম্পর্কের ভিত্তিতে কাজ করা হবে।

কর্মনিযুক্তির আগে, ব্যবসা সহযোগী তাদের কর্মীদের তাদের অধিকার, দায়িত্ব এবং কাজের ঘন্টা, পারিশ্রমিক ও বেতনের শর্তসমেত নিযুক্তির শর্ত বিষয়ে সহজবোধ্য তথ্য জানিয়ে দেবে।

ব্যবসা সহযোগীদের নারী পুরুষ উভয় কর্মীদের জন্য সন্তোষজনক কাজের পরিস্থিতি দেওয়ার প্রয়াস করতে হবে যাতে তাদের মা বাবা বা তত্ত্বাবধানকারীর ভূমিকায় সাহায্য করা যায়, এটা বিশেষ করে প্রবাসী কর্মী ও মৌসুমী কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য যাদের সন্তানদের প্রবাসীদের দেশের বাড়িতে রেখে আসতে হয়।

ব্যবসা সহযোগীরা নিযুক্তির বন্দোবস্ত এমনভাবে ব্যবহার করবে না যা জেনেশুনে আইনের প্রকৃত উদ্দেশ্যের সঙ্গে সুসমঞ্জস না। তাতে আছে (ক) শিক্ষানবিশি প্রকল্প যেখানে কর্মকৌশল শেখানো বা নিয়মিত নিযুক্তির কোন অভিপ্রায় নেই, (খ) মৌসুমী বা আকস্মিক কাজ যা কর্মীদের নিরাপত্তা ব্যাহত করতে পারে এবং (গ) শুধু শ্রমভিত্তিক চুক্তি-তবে তা এই পর্যন্ত সীমিত না। তাছাড়া, এমনভাবে সাব-কনট্রাক্ট করা হবে না যা কর্মীদের অধিকার ব্যাহত করতে পারে।

ঋণে দায়বদ্ধ শ্রম না

ব্যবসা সহযোগী কোনপ্রকারের দাসত্ব, বলপূর্বক, ঋণের দায়ে বদ্ধ, শর্তবদ্ধ, মানুষ বেচাকেনা বা অনিচ্ছাকৃত শ্রম আদায়ে জড়িত হবে না।

ব্যবসা সঙ্গীদের দ্বারা এইপ্রকারের শ্রম আদায়ের ফলে যদি ব্যবসা সহযোগী লাভবান হয় তাহলে তাদের জটিলতার দায়ে অভিযুক্ত করার আশঙ্কা থাকবে।

প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রবাসী কর্মীদের কাজে জড়িত ও নিযুক্ত করার সময় ব্যবসা সহযোগীদের বিশেষ সযত্ন পদক্ষেপ নিতে হবে।

ব্যবসা সহযোগীদের কর্মীদের কাজ ছেড়ে যাওয়ার অধিকার দিতে হবে এবং কর্মী নিয়োগকর্তাকে যুক্তিসঙ্গত নোটিশ দিয়ে রাখলে তাকে বিনা বাধায় চাকরি থেকে অব্যাহতি দিতে হবে।

কর্মীদের যাতে অমানবিক বা অপমানজনক ব্যবহার, দৈহিক দন্ড, মানসিক বা শারীরিক অত্যাচার এবং/অথবা গালিগালাজের সম্মুখীন না হতে হয় তা ব্যবসা সহযোগী সুনিশ্চিত করবে।

সব শাস্তিমূলক প্রণালী লিখিতভাবে স্থির করে নিতে হবে ও স্পষ্ট ও বোধগম্য ভাষায় কর্মীদের মৌখিকভাবে বুঝিয়ে দিতে হবে।

পরিবেশ সুরক্ষা

এই অধ্যায়ে বর্ণিত বিশেষ প্রত্যাশা হানি না করে, ব্যবসা সহযোগী যখন পরিবেশের অবক্ষয় এড়িয়ে যাওয়ার জন্য যথোপযুক্ত পদক্ষেপ নেবে তখন তারা এই নীতি মেনে চলবে।

ক্রিয়াকলাপের ফলে পরিবেশে গুরুত্বপূর্ণ প্রভাব ব্যবসা সহযোগীদের মূল্যায়ন করে দেখতে হবে এবং পরিবেশের প্রতি তাদের দায়িত্বজ্ঞান প্রতিফলিত করে এমন কার্যকর পলিসি ও প্রণালী নির্ধারণ করতে হবে। সম্প্রদায়, প্রাকৃতিক সম্পদ এবং সবসমেত পরিবেশে প্রতিকূল প্রভাব কম বা প্রতিরোধ করার জন্য তাদের যথেষ্ট পদক্ষেপ নেওয়ার ব্যাপারে সজাগ থাকতে হবে।

নৈতিক ব্যবসায়িক আচরণ

এই অধ্যায়ে বর্ণিত লক্ষ্য ও প্রত্যাশা হানি না করে যখন ব্যবসা সহযোগীরা **কোন প্রকারের দূর্নীতিপরায়ণ কাজ,** অবৈধ জুলুম বা আত্মসাৎ করা বা কোনপ্রকারের ঘুষ দেওয়া নেওয়ায় জড়িত হবে না – তাতে যে কোন প্রকারের অন্যায্য আর্থিক বা অন্য কোন লোভনীয় প্রতিশ্রুতি, প্রস্তাব, দেওয়া বা নেওয়া থাকতে পারে তবে এতেই সীমায়িত না – তাহলে তারা এই নীতি মেনে চলবে।

ব্যবসা সহযোগীদের কাছ থেকে আশা করা হয় যে তারা নিজেদের ক্রিয়াকলাপ, **কাঠামো ও সম্পাদিত কাজকর্মের** সঠিক তথ্য রাখবে এবং প্রযোজ্য নিয়ম এবং শিল্পোদ্যোগের আদর্শ পদ্ধতি অনুসারে প্রকাশ করবে।

ব্যবসা সহযোগীরা সরবরাহ শৃঙ্খলে কোনরকম মিথ্যা বর্ণনা দেবে না বা এইসব তথ্যের মিথ্যা বর্ণন করবে না।

তাছাড়া, তাদের যুক্তিসঙ্গত সাবধানতা অবলম্বন করে ব্যক্তিগত (কর্মী, ব্যবসা সহযোগী, গ্রাহক ও ক্রেতাদের প্রভাব ক্ষেত্র থেকে প্রাপ্ত তথ্য সমেত) তথ্য সংগ্রহ, ব্যবহার ও অন্যভাবে প্রক্রিয়াকরণ করতে হবে। এইসব ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং অন্যান্য প্রক্রিয়াকরণে তথ্য নিরাপত্তার আইন ও গোপনীয়তার আইন এবং নিয়ন্ত্রক শর্তাদি মান্য করে চলতে হবে।

VII. পরিশিষ্ট

১. কার্যত প্রয়োগের শর্ত

২. amfori BSCI সূত্র: সংহিতা কার্যত প্রয়োগের জন্য প্রাসঙ্গিক আন্তর্জাতিক মানদন্ড যেমন আইএলও-র প্রচলিত রীতি এবং পরামর্শসমূহ সংগ্রহ করা।

৩. amfori BSCI টীকাসম্বলিত শব্দকোষ

* * * * * * *

amfori খোলা এবং দীর্ঘস্থায়ী ব্যবসার ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃস্থানীয় ব্যবসায়িক সমিতি। আমরা এমন এক বিশ্ব দেখতে চায় যেখানে প্রতিটি ব্যবসা সকলের জন্য সামাজিক,পরিবেশগত এবং অর্থনৈতিক সুবিধা বয়ে আনে।

amfori BSCI
Av. De Cortenbergh, ১৭২
১০০০ Brussels
Belgium
ফোন: +৩২-২-৭৬২ ০৫ ৫১
ফ্যাক্স: +৩২-২-৭৬২ ৭৫ ০৬
info@amfori.org
www.amfori.org